দৈনিক খবর

20 MAR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

35

**ঢাকা ভার্সিটি সিন্ডিকেটের সভা**

# সন্ত্রাসী তৎপরতারোধে পদক্ষেপ গ্রহণের আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপ প্রতিরোধে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে তৎপর ও অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যে অনুরোধ করেছে।

গতকাল মঙ্গলবার উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এই আহবান জানানো হয়। এই সভায় গত ১৭ তারিখ রাত থেকে ক্যাম্পাসে সংঘটিত বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপ পর্যালোচনা করা হয়। সিন্ডিকেটের সদস্যবৃন্দ ঘটনার প্রকৃতি এবং যেদিকে তা মোড় নিচ্ছে তাতে আশংকা প্রকাশ করেন। সিন্ডিকেটের বিবেচনায় ক্যাম্পাস

*শেষ পৃষ্ঠায় ৩য় কলামে*

## সন্ত্রাসী তৎপরতা

*প্রথম পৃষ্ঠার পর*

থেকে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী যদি অবিলম্বে অবৈধ অস্ত্র উদ্ধার না করে বা সন্ত্রাসী কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের গ্রেফতার না করে তাহলে ঘটনাবলী ভয়াবহ রূপ ধারণ করতে পারে।

গতকাল সন্ধ্যায় উপাচার্য মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া তাঁর বাসভবনে সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দের সাথে ক্যাম্পাসে সংঘটিত ঘটনা নিয়ে আলোচনা করেন। এ সময় সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের (শা-অ) সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ডাকসু'র এজিএস নাজিম উদ্দিন আলম ও ছাত্রলীগের (না-শ) সাধারণ সম্পাদক শফি আহমেদ।

ছাত্রলীগ (হা-অ) এবং ছাত্রদলের মধ্যে সংঘর্ষের জের হিসেবে গতকাল মঙ্গলবার সকালে ছাত্রদল শহীদুল্লাহ হলে ছাত্রলীগের ৬টি কক্ষ ভাঙচুর ও মালামালে আগুন ধরিয়ে দিয়েছে। উভয় পক্ষের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছে এবং ব্যাপক পুলিশ টহল অব্যাহত রয়েছে।

বহিরাগত সন্দেহে ক্যাম্পাসে পুলিশ পরিচয়পত্র পরীক্ষা করছে। অন্যদিকে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের মিটিং বসেছে।